



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

Answer : Work Sheet - 15

Class: 3



Subject: Bengali Grammar (ভাষা ও ব্যাকরণ)

Date: 24/4/2020

- ১। আমরা আমাদের মনের ভাবকে প্রকাশ করি ভাষার সাহায্যে ।
- ২। মানুষের মুখের কথাকে মান্য রীতি অনুযায়ী লিখে প্রকাশ করলে, তাকে বলে লেখ্য ভাষা ।
- ৩। না, পশুপাখির আওয়াজকে ভাষা বলা যায় না ।
- ৪। শূন্যস্থান পূরণ কর :-
 - ক) পৃথিবীর বেশ কিছু উন্নত ভাষার লিপি আছে ।
 - খ) শৈশব থেকে আমরা মাতৃভাষায় কথা বলি ।
 - গ) মনের ভাব প্রকাশের জন্য ভাষা আবিষ্কার হয় ।
 - ঘ) মায়ের কোলেই শিশুর শৈশব শুরু হয় ।
 - ঙ) একজন পোর্তুগিজ প্রথম বাংলা ভাষার ব্যাকরণ লেখেন ।
- ৫। ঠিক বা ভুল লেখ :-
 - ক) ভাষা সম্বন্ধে জ্ঞান বাড়াবার জন্য আমরা অঙ্ক করি । (ভুল)
 - খ) পশুরা লেখ্য ভাষায় কথা বলে । (ভুল)
 - গ) আদিম মানুষ সুখ বা দুঃখ বোঝানোর জন্য হাসত বা কাঁদত । (ঠিক)
 - ঘ) সিন্ধুলিপি হল একটি প্রাচীন লিপি । (ঠিক)
 - ঙ) বাংলা ভাষার নিয়ম শেখার জন্য ইংরাজী ব্যাকরণ পড়তে হবে । (ভুল)

৬। কোনটি সাধুভাষা আর কোনটি চলিতভাষা পাশে লেখ :-

ক) মা বাবার কথা মন দিয়ে শুনবে । (চলিত ভাষা)

খ) একজন লোকের দুটি ছেলে ছিল । (চলিত ভাষা)

গ) সারা দিন ধরিয়া বৃষ্টি পড়িতেছে । (সাধু ভাষা)

ঘ) পক্ষীটি উড়িতে উড়িতে অন্য স্থানে চলিয়া গেল । (সাধু ভাষা)

ঙ) আদিম মানুষ ঘুরিয়া ঘুরিয়া শিকার করিত । (সাধু ভাষা)

৭। বাক্য রচনা কর:-

ক) মনোযোগ = পড়াশোনায় মনোযোগ দিতে হয় ।

খ) আর্শীবাদ = গুরুজনদের আর্শীবাদ নিয়ে আমরা এগিয়ে যাব ।

Manashi Chaudhuri.